



বাংলাদেশ কনসুলেট জেনারেল

দুবাই, সংযুক্ত আরব আমিরাত

শ্রম কল্যাণ উইং

প্রবাসীদের জন্য বিশেষ সুবিধাসমূহ

ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের সদস্যদের জন্য নিম্নবর্ণিত সুবিধাসমূহ প্রযোজ্যঃ

- ▶ বিমানবন্দরে প্রবাসী কল্যাণ ডেক্সের সহায়তায় নিরাপদে বিদেশ গমন এবং প্রত্যাবর্তন;
- ▶ প্রবাসী কর্মীদের মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তি প্রদান;
- ▶ প্রবাসী কর্মীর সন্তানদের স্কুল/কলেজ/বিশ্ববিদ্যালয়ে ভর্তিতে সহায়তা প্রদান;
- ▶ বাংলাদেশ মিশনসমূহের শ্রম কল্যাণ উইংয়ের মাধ্যমে কর্মীদের আইনগত সহায়তা প্রদান;
- ▶ প্রবাসে আটক কর্মীদের মুক্তকরণে সহায়তা প্রদান ও দেশে ফেরত আনয়ন;
- ▶ আহত, অসুস্থ ও শারীরিকভাবে অক্ষম কর্মীদের দেশে ফেরত আনয়ন ও চিকিৎসার্থে ১ (এক লক্ষ) টাকা আর্থিক সাহায্য প্রদান;
- ▶ প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীদের মৃতদেহ দেশে আনয়নে সহযোগিতা প্রদান;
- ▶ বিদেশ ফেরত অসুস্থ ও মৃত কর্মীদের পরিবহনের জন্য বিমান বন্দর হতে এ্যাম্বুলেন্স সেবা প্রদান;
- ▶ বিমানবন্দর হতে মৃতের স্বজনদের নিকট মৃতদেহ হস্তান্তরের সময় মৃতদেহ পরিবহন ও দাফন খরচ বাবদ ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার) টাকার চেক প্রদান;
- ▶ বৈধভাবে বিদেশ গমনকারী কর্মীদের মৃত্যুতে তার পরিবারকে ৩ (তিন) লক্ষ টাকা করে আর্থিক অনুদান প্রদান;
- ▶ প্রবাসে মৃত কর্মীর মৃত্যুজনিত ক্ষতিপূরণ/ইন্স্যুরেন্স/বকেয়া বেতন/সার্ভিস বেনিফিট আদায় এবং ওয়ারিশদের নিকট বিতরণ;
- ▶ প্রবাসী ক্ষতিগ্রস্ত কর্মীর পূর্ণবাসনে গৃহীত ভবিষ্যত কর্মসূচিতে অন্তর্ভুক্ত হওয়ার সুযোগ প্রদান;
- ▶ প্রবাসী কল্যাণ ব্যাংকের মাধ্যমে মাত্র ২ (দুই) সপ্তাহে পূর্ণবাসন ঋণ প্রদান;
- ▶ প্রবাসী কর্মীর সম্পদ রক্ষা এবং নানাবিধ অসুবিধা দূরীকরণে স্থানীয় প্রশাসনের মাধ্যমে সহায়তা প্রদান;
- ▶ প্রবাসী কর্মী এবং তাদের পরিবারকে জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস এবং জেলা প্রশাসকের কার্যালয়ের প্রবাসী কল্যাণ শাখার মাধ্যমে সেবা প্রদান এবং
- ▶ অত্র মিশনের Helpline Number (+971-564307780, +971-568471066) এর মাধ্যমে প্রবাসী কর্মী এবং তাদের পরিবারের সদস্যদের সেবা প্রদান।